**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিল বিধানসভায় গৃহীত।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যে রেলের মাধ্যমে নেশা সামগ্রী পাচার বন্ধে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে।**

**(৩) সারা দেশের সঙ্গে আগামীকাল রাজ্যেও ইসলাম ধর্মের অন্যতম প্রধান উৎসব ইদ-উল-ফিতর উদযাপিত হবে।**

**(৪) কেন্দ্রীয় সরকার আশ্বস্ত করেছে, দেশের সব তেল শোধনাগারে পর্যাপ্ত অপরিশোধিত তেলের মজুত সহ সর্বোচ্চ ক্ষমতায় কাজ করছে।**

******************************************

**Assembly-Waikout :**

রাজ্যে তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য বিল নিয়ে আজ বিধানসভায় ট্রেজারী ও বিরোধী বেঞ্চের সদস্যদের মধ্যে মত বিরোধ দেখা দেয়। উল্লেখ্য উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ রাজ্যে তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য এই বিল উত্থাপন করেন। আজ অধিবেশনে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী এবং কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন বিলের তীব্র বিরোধিতা করেন। তারা এই বিলের স্বচ্ছতা বাস্তবতা ও উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তোলেন। এই বিল নিয়ে এক সময় ট্রেজারী ও বিরোধী বেঞ্চের সদস্যদের মধ্যে তীব্র বাক বিতন্ডা শুরু হয়। এ অবস্থায় বিলটি পাশ করানোর জন্য উত্থাপন করা হলে বিরোধী সদস্যরা অধ্যক্ষের আসনের সামনে গিয়েই কিছুক্ষণ বিক্ষোভ প্রদর্শনের পর ওয়াকআউট করেন। বিরোধীদের ওয়াকআউটের পর অধিবেশনে তিনটি বিল-ই গৃহীত হয়।

**************************

**Assembly-Drugs :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যে রেলের মাধ্যমে নেশা সামগ্রী পাচার বন্ধে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে। আজ বিধানসভায় বিধায়ক গোপাল রায়ের একটি দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী জানান, রাজ্য পুলিশ, রেল পুলিশ ও এন্টি নারকোটিক্স টাস্কফোর্স নেশা কারবারীদের গ্রেপ্তার করার ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য পেয়েছে এবং বর্তমানে অভিযুক্তদের বিরুদ্ধে মামলা চলছে। তিনি বলেন, রাজ্যে বিভিন্ন মাদকের ব্যাপক ব্যবহারের কারণে ছাত্রছাত্রী ও যুবকদের উপর যে ক্ষতিকর প্রভাব পড়ছে, তা বিবেচনা করেই সরকার এই কঠোর পদক্ষেপ নিয়েছে।

**************************

**Nomination-ADC :**

এডিসি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ বেশ কয়েকটি আসনে বামফ্রন্টের প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেন। হালহালি-আশারামবাড়ি কেন্দ্রে সি.পি.আই.এম প্রার্থী করিম দেববর্মা, রামচন্দ্রঘাট কেন্দ্রে সমরেশ দেববর্মা, তেলিয়ামুড়া-মহারানীপুর কেন্দ্রে রতন কিশোর জমাতিয়া মনোনয়নপত্র দাখিল করেন। তাছাড়া সিমনা-তমাকারী কেন্দ্রে অমূল্য দেববর্মা, বোধজংনগর-ওয়াকিনগর কেন্দ্রে সঞ্জিত দেববর্মা মনোনয়নপত্র জমা দেন।

আজ গোমতি জেলায় মোট ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দেন। এর মধ্যে সি.পি.আই.এম-এর ৪ জন, আর.এস.পি'র ১ জন ও নির্দল প্রার্থী ১ জন।

কিল্লা-বাগমা কেন্দ্রে সি.পি.আই.এম প্রার্থী অমৃত সাধন জমাতিয়া, কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর কেন্দ্রে সি.পি.আই.এম প্রার্থী পরীক্ষিত মুড়াসিং এবং নির্দল প্রার্থী মিলন পদ মুড়াসিং মনোনয়নপত্র জমা দেন।

তাছাড়া, মহারানী চেলাগাং আসনে আর এস পি প্রার্থী হারাধন জমাতিয়া, অম্পিনগর আসনে সিপিআইএম প্রার্থী পৃথিরাজ কলই নতুন বাজার-মালবাসা আসনে সি.পি.আই.এম প্রার্থী মগেন্দ্র রিয়াং পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি কেন্দ্রে সি.পি.আই.এম প্রার্থী বার্জুং ত্রিপুরা এবং শিলাছড়ি-মনুবনকুল আসনের প্রার্থী উঁচাথই মগ আজ মনোনয়নপত্র দাখিল করেছেন।

**************************

**Idd-Ul-Fitr :**

সারা দেশের সঙ্গে আগামীকাল রাজ্যেও ইসলাম ধর্মের অন্যতম প্রধান উৎসব ইদ-উল-ফিতর উদযাপিত হবে। আগরতলা টাউন কেন্দ্রীয় জামে মসজিদ কমিটির সভাপতি আনু মিঞা জানিয়েছেন, আগামীকাল সকাল ৯টায় ইদের মূল নামাজ আদায় হবে আগরতলার গেদু মিয়া ঈদগাহ প্রাঙ্গনে। হজরত মাওলানা আব্দুল রহমান কাসেমী নামাজ পাঠ পরিচালনা করবেন। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আগরতলা টাউন কেন্দ্রীয় জামে মসজিদ ও শিবনগর গেদু মিঞা মসজিদের পক্ষ থেকে রাজ্যবাসীকে ঈদের শুভেচ্ছা জানানো হয়েছে। সোনামুড়া, বক্সনগর, বিশালগড়, ধর্মনগর, কৈলাসহর, কুর্তি, প্রভৃতি এলাকায় ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আজ থেকেই উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তারা পৃথক পৃথক শুভেচ্ছা বার্তায় এই উৎসবে রাজ্যের জনগনের সুখ ও সমৃদ্ধি কামনা করেন।

******************************

**Voice Over-Idd-Ul-Fitr :**

একমাস ব্যপী রোজা তথা সিয়াম সাধনার পর আগামীকাল ইসলাম ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান উৎসব ঈদ-উল-ফিতর। এই ঈদকে কেন্দ্র করে রাজ্যের সর্বত্র এখন এক উৎসবের আবহ। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC######

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**LPG :**

কেন্দ্রীয় সরকার আজ আশ্বস্ত করে জানিয়েছে, দেশের সব তেল শোধনাগার পর্যাপ্ত অপরিশোধিত তেলের মজুত সহ সর্বোচ্চ ক্ষমতায় কাজ করছে। বাড়িঘরে ব্যবহৃত এলপিজি উৎপাদন স্থিতিশীল এবং পর্যাপ্ত মজুত রয়েছে। আজ নতুন দিল্লীতে অনুষ্ঠিত পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলীর উপর এক আন্তঃমন্ত্রণালয় আলোচনায়, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানান, গত এক সপ্তাহে গ্রাহকদের কাছে ১১ হাজার ৩০০ টন বাণিজ্যিক এলপিজি সরবরাহ করা হয়েছে। তিনি জানান, বাড়িঘরে ব্যবহৃত এলপিজি উৎপাদন ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তিনি আরো বলেন, এলপিজির অনলাইন বুকিং ৯৩ শতাংশ বেড়েছে।

বেআইনীভাবে এলপিজি বিক্রির বিরুদ্ধে গতকাল সারা দেশে সাড়ে চার হাজারেরও বেশি অভিযান চালানো হয়েছে।

***************************

**India UN :**

ভারত পুনরায় বলেছে, সন্ত্রাসবাদের প্রতি ইসলামাবাদের সমর্থন বন্ধ না হলে পাকিস্তানের সাথে সিন্ধু জল চুক্তি স্থগিত থাকবে। রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেছেন, চুক্তির উদ্বেগ উত্থাপন করার আগে পাকিস্তানকে অবশ্যই মানুষের জীবনের সুরক্ষা বজায় রাখতে হবে। তিনি বলেন, পাকিস্তানকে বিশ্বব্যাপী সন্ত্রাসের কেন্দ্রস্থল বলে অভিহিত করা উচিত। শ্রী হরিশ বলেন, ভারত ১৯৬০ সালে বিশ্বাসের উপর ভর করে চুক্তি স্বাক্ষর করেছিল, কিন্তু পাকিস্তান যুদ্ধ এবং সন্ত্রাসী হামলার মাধ্যমে বিশ্বাসভঙ্গ করেছে। গত বছরের ভয়াবহ পহেলগাম হামলার পর ভারত এই চুক্তি স্থগিত করে।

*************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ উত্তরপ্রদেশের বৃন্দাবনে রামকৃষ্ণ মিশন সেবাশ্রম হাসপাতালে নন্দ কিশোর সোমানি ক্যান্সার ব্লকের উদ্বোধন করেছেন। রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের এই নতুন পরিষেবার লক্ষ্য, এই অঞ্চলে ক্যান্সার চিকিৎসার সুবিধা প্রসারিত করা। এই ব্লকে অত্যাধুনিক রেডিওথেরাপি এবং রোগ নির্ণয়ের নানা সুবিধা রয়েছে। রাষ্ট্রপতি গতকাল থেকে তিনদিনের সফরে উত্তরপ্রদেশে রয়েছেন। এর আগে সকালে রাষ্ট্রপতি প্রেমানন্দ জি মহারাজ আশ্রম পরিদর্শন করেন। তিনি বৃন্দাবনে নীব কারোরি বাবার সমাধিতে যান এবং পুষ্পস্তবক অর্পণ করেন।

**********************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নবরাত্রির গভীর আধ্যাত্মিকতা নিয়ে তাঁর ভাবনা প্রকাশ করেছেন এবং তুলে ধরেছেন কীভাবে মা অম্বের প্রতি ভক্তি মনকে অপরিসীম শান্তি ও কর্মচাঞ্চল্যে পূর্ণ করে। সামাজিক মাধ্যমে, শ্রী মোদী মা অম্বেকে উৎসর্গ করা একটি ভক্তিগীতি শেয়ার করেছেন।

************************

**Dig AR visited ICP Sabroom :**

আসাম রাইফেলস ২১ সেক্টর সদর দপ্তরের ডি.আই.জি ব্রিগেডিয়ার নিশান্ত চান্ডেল সাব্রুমের ইন্টিগ্রেটেড চেক পোস্ট চালুর পর নিরবচ্ছিন্নভাবে পরিচালনা নিশ্চিত করতে গৃহীত পদক্ষেপগুলি আজ খতিয়ে দেখেন। আইসিপির পরামর্শদাতা প্রেমাশিস দেব এবং ল্যান্ড পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার আধিকারিকরা আসাম রাইফেলসের ডি.আই.জি-কে আইসিপির পরিকাঠামো এবং কার্যপদ্ধতি সম্পর্কে অবহিত করেন।

**************************

**Block 300 illegal websites :**

বেআইনি অনলাইন গেমিং-এর বিরুদ্ধে কঠোর ব্যববস্থা হিসেবে কেন্দ্রীয় সরকার ৩০০টি অবৈধ জুয়ার ওয়েবসাইট এবং অ্যাপ্লিকেশন ব্লক করেছে। ইলেকট্রনিক্স এবং তথ্য প্রযুক্তি মন্ত্রকের সূত্র জানিয়েছে, প্ল্যাটফর্মের মধ্যে রয়েছে অনলাইন স্পোর্টস বেটিং ওয়েবসাইট, অনলাইন ক্যাসিনো অফার স্লট, রুলেট এবং লাইভ ডিলার টেবিল, সেইসাথে বেটিং এক্সচেঞ্জ যা মার্কেটপ্লেস হিসাবে কাজ করে। এ পর্যন্ত প্রায় ৮,৪০০ টি এই ধরনের ওয়েবসাইট ব্লক করা হয়েছে। এর মধ্যে বেশিরভাগ, প্রায় ৪,৯০০টি, অনলাইন গেমিং আইন পাস হওয়ার পরে সরিয়ে নেওয়া হয়েছিল।

*************************

**Super Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলাই বৃষ্টিতে পরিত্যক্ত হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে ব্ল্যাডমাউথ ক্লাব ও শতদল সংঘ, টিআইটি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ও জয়নগর ক্রিকেট এবং এমবিবি স্টেডিয়ামে সংহতি ক্লাব ও হার্ভে ক্লাবের খেলা ছিল। বৃষ্টির ফলে ওই তিনটি ম্যাচই মাঝপথে বন্ধ হয়ে যায়।

**************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ পশ্চিমবঙ্গ এবং সিকিমে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। এছাড়া, উত্তর-পূর্বাঞ্চল সহ উপকূলীয় কর্ণাটক, তামিলনাড়ু, পুদুচেরি, কারাইকাল, কেরালা, মাহে বজ্রপাতসহ ঝড়ের পূর্বাভাসও দিয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, বিহার, ঝাড়খণ্ড, মধ্যপ্রদেশ, ওড়িশা, পাঞ্জাব এবং উত্তর প্রদেশে বজ্রসহ শিলাবৃষ্টি হতে পারে। হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডেও ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দেয়া হয়েছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। খোয়াই জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত খোয়াই জেলায় বৃষ্টিপাতের পরিমান ৫০.৩ মিলিমিটার, আগরতলায় ১০.২ মিলিমিটার। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************